

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

তারিখ: ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.১০০.৩১.০০২৭.১৯.১২৩

বিষয়: বোরো সংগ্রহ/২০২৫ মৌসুমে Farmer Information Management System চালু করা

সূত্র: আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের ২২/৪/২০২৫ তারিখের ৪৬২নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের আওতায় নির্মাণাধীন FS&MMS সফটওয়্যারের অংশ হিসেবে Farmer Information Management System-এর মাধ্যমে সারাদেশব্যাপী চলমান অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০২৫ মৌসুমে নতুন কৃষকের নিবন্ধন, ধান বিক্রির আবেদন, লটারি এবং অন্যান্য সকল কার্যক্রম সম্পন্ন করা হবে। নিম্নোক্ত লিংকসমূহ ব্যবহার করে কৃষকের অ্যাপ বা সরাসরি ওয়েব সাইটের মাধ্যমে একজন কৃষক নিবন্ধন ও ধান বিক্রির আবেদন করতে পারবেন এবং আবেদনকৃত কৃষকগণের মধ্য হতে লটারির মাধ্যমে কৃষক বাছাই বা "আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহের আনুষঙ্গিক অন্যান্য সকল কার্যক্রম সম্পন্ন করা যাবে। FS&MMS এর বিভিন্ন লিংক সমূহ নিম্নরূপ -

১. কৃষকের মোবাইল অ্যাপ এর ওয়েবসাইট ল্যান্ডিং পেজ (অ্যাপ ডাউনলোড, ব্যবহার নির্দেশিকা, ভিডিও নির্দেশিকার জন্য) = <https://fpo.dgf.gov.bd/farmer-app/>

২. কৃষকের মোবাইল অ্যাপ সরাসরি ডাউনলোড লিংক = <https://play.google.com/store/apps/details?id=com.dgf.gov.farmer>

৩. কৃষক নিবন্ধনের ওয়েব পোর্টাল = <https://fsmms.dgf.gov.bd/portal/bn/farmer>

উল্লেখ্য যে, BUET এর পরামর্শকের মতামত অনুযায়ী ইতোপূর্বে বাস্তবায়িত বিসিসি'র অ্যাপের পরিবর্তে নতুন অ্যাপে সকল কৃষককে নতুন করে নিবন্ধন করতে হবে। কৃষক নিবন্ধনে শুধুমাত্র কৃষকের মোবাইল নাম্বার ব্যবহার করতে হবে। যেকোন সমস্যা এড়াতে অন্য কারো মোবাইল নাম্বার ব্যবহার নির্ভরসায়িত করা হলো। এখানে আরো উল্লেখ্য যে, নতুন অ্যাপের মাধ্যমে কৃষকগণের মধ্য হতে "লটারির মাধ্যমে কৃষক বাছাই" বা "আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহের সুবিধা রাখা হয়েছে।

এমতাবস্থায়, নতুন অ্যাপ বা Farmer Information Management System-এর মাধ্যমে সারাদেশব্যাপী চলমান অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০২৫ মৌসুমে নতুনভাবে কৃষকের নিবন্ধন সম্পন্ন করার পাশাপাশি ধান বিক্রির আবেদন, লটারি এবং অন্যান্য সকল কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কার্যালয়-কে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ: